বৈদ্যুতিক নিরাপত্তা পরিদর্শন প্রতিবেদন

মেগা ডেনিম লিমিটেড

৮৮/১, বি কে বাড়ি, তালতলী, মির্জাপুর, গাজীপুর সদর, গাজীপুর

পরিদর্শকঃ জাহিদুর রহমান

প্রতিবেদকঃ জাহিদুর রহমান

পরিদর্শনের তারিখঃ ২৩ সেপ্টেম্বর , ২০১৮

ACCORD on Fire and Building Safety in Bangladesh

সার সংক্ষেপ

স্টিকটিং বাংলাদেশ একর্ড ফাউন্ডেশন কর্তৃক কারখানাটির বৈদ্যুতিক নিরাপত্তা বিষয়ে জরিপ করা হয় । এই জরিপের উদ্দেশ্য ছিল বৈদ্যুতিক নিরাপত্তা সংক্রান্ত উল্লেখযোগ্য ত্রুটিসমূহ সনাক্তকরণ এবং একর্ড নির্ধারিত গ্রহণযোগ্য মান নিশ্চিত করে প্রতিকার মূলক নির্দেশনা দেয়া।

বৈদ্যুতিক নিরাপত্তা পরিদর্শন সম্ভাব্য বৈদ্যুতিক ঝুঁকি নির্ধারণ এবং সুপারিশ কৃতপ্রতিকার মূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে উন্নয়নের উদ্দেশ্যে গৃহীত একটি নিয়ম তান্ত্রিক পদ্ধতি। এই পরিদর্শন কেবলমাত্র বৈদ্যুতিক নিরাপত্তা সংশ্লিষ্ট প্রধান ত্রুটিসমূহ সনাক্ত করণের মধ্যেই সীমাবদ্ধ ছিল। খুঁটিনাটি যে সকল সমস্যা রয়েছে তা এ পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত হয়নি তবে পরবর্তীতে ফলো- আপ পরিদর্শনে চিহ্নিত করা হবে।

এই প্রতিবেদনে উল্লেখিত পর্যবেক্ষণ ও সুপারিশসমূহ কোন সরকারি নীতিমালার সপক্ষে অঙ্গীকার পত্র, প্রমাণ বা সনদ নয়। তাছাড়া এই প্রতিবেদনের পর্যবেক্ষণ বা সুপারিশসমূহ ব্যতীত অন্য কোন ঝুঁকি বা বিপদের আশংকা নেই, তাও নির্দেশিত নয়। কারখানার মালিকগণকে কোন বিশেষ প্রকল্পের আবশ্যিক শর্ত, শিল্প মান, অথবা স্থানীয় সরকারের নীতিমালার শর্ত পূরণের অঙ্গীকার থেকেও এই প্রতিবেদনে উল্লেখিত পর্যবেক্ষণ ও সুপারিশসমূহ অব্যাহতি দেয় না।

মেগা ডেনিম লিমিটেড কারখানাটি ৬ তলা বিশিষ্ট একটি ভবনে অবস্থিত। পরিদর্শনের সময় একটি শিফটে কারখানাটির নিয়মিত শ্রমিক সংখ্যা ১৪২০ জন পাওয়া গেছে।

১. অনুসন্ধান ও পরামর্শঃ

নীচের ছকে পরিদর্শনে সনাক্ত কৃত গুরুত্বপূর্ণ বৈদ্যুতিক ত্রুটির সার সংক্ষেপ রয়েছে। প্রতিটি পর্যবেক্ষণের জন্য সুপারিশ প্রদান করা হয়েছে।

কারাখানা কর্তৃপক্ষকে এই সংস্কার কাজের বাস্তবায়ন কার্যক্রম প্রস্তুত করতে হবে। উন্নয়নের নির্দিষ্ট সময় সীমা সহ নকশা প্রণয়ন ও বাস্তবায়নের প্রতিবন্ধকতার কারণে সময় সীমা বৃদ্ধির আবেদন একর্ডের কাছে জমা দিতে হবে।

অনুসন্ধান নং :	ই-১
বিভাগঃ	নথি
অনুসন্ধানঃ ইলেকট্রিক্যাল সিঙ্গেল লাইন ডায়াগ্রামের সাথে প্রকৃত অবস্থার সামঞ্জস্য কম।	
পরামর্শঃ ইলেকট্রিক্যাল সিঙ্গেল লাইন ডায়াগ্রাম সংশোধন করতে হবে; দরকারি সকল তথ্য উল্লেখ করতে হবে এবং বৈদ্যুতিক ব্যবস্থার কোন ধরনের গুরুত্বপূর্ণ পরিবর্তনের সাথে সাথে তা আপডেট করতে হবে।	
অগ্রাধিকারঃ পি২	
ত্রুটি পূরণের সময়সীমাঃ ২ মাস	



অনুসন্ধান নং :	ই-২
বিভাগঃ	বজ্রপাতকালীন সুরক্ষা ব্যবস্থা
অনুসন্ধানঃ বজ্রপাতকালীন সুরক্ষা ব্যবস্থা এখনো লাগানো হয়নি।	
পরামর্শঃ পুরো ফ্যাক্টরির জন্য বজ্রপাতকালীন সুরক্ষা ব্যবস্থার নকশা প্রণয়ন করুন (ঝুঁকি সূচক যেখানে ৪০ এর বেশি) ও সেই অনুযায়ী স্থাপন করুন।	
অগ্রাধিকারঃ পি১	
ত্রুটি পূরণের সময়সীমাঃ ৩ মাস।	

অনুসন্ধান নং :	ই-৩
বিভাগঃ	নথি
অনুসন্ধানঃবৈদ্যুতিক নিরাপত্তা প্রশিক্ষণ কার্যক্রম শুরু হলেও এর প্রভাব লক্ষ্য করা যায়নি।	
পরামর্শঃ বৈদ্যুতিক কর্মী ও সকল শ্রমিকদের বৈদ্যুতিক নিরাপত্তা ও সচেতনতার জন্য প্রশিক্ষণ দিতে হবে। সার্বিক নিরাপত্তা ব্যবস্থা উন্নতির লক্ষ্যে এটি একটি পর্যাবৃত্তিক অনুশীলন ।	
অগ্রাধিকারঃ পি২	
ত্রুটি পূরণের সময়সীমাঃ মাস	



অনুসন্ধান নং :	ই-৪
বিভাগঃ	পরীক্ষণ ও পর্যায়ক্রমিক রক্ষণাবেক্ষণ
অনুসন্ধানঃরক্ষণাবেক্ষণ কাজের সময় ব্যক্তিবর্গের নিরাপত্তার জন্য পিপিই নেই ও কোন লোটো (লক আউট ট্যাগ আউট) পদ্ধতি চালু করা হয়নি।	
পরামর্শঃরক্ষণাবেক্ষণ কাজের সময় ব্যক্তিবর্গের নিরাপত্তার জন্য পিপিই ও লোটো (লক আউট ট্যাগ আউট) পদ্ধতি চালু ও বাস্তবায়ন করতে হবে। লোটো সংশ্লিষ্ট সকল রেকর্ড সংরক্ষণ করতে হবে।	
অগ্রাধিকারঃ পি২	
ত্রুটি পূরণের সময়সীমাঃ মাস।	

অনুসন্ধান নং :	ই-৫
বিভাগঃ	নথি
অনুসন্ধানঃপর্যায়ক্রমিক পরিদর্শন ও পরীক্ষণ কাজের জন্য নির্দিষ্ট সূচী নেই।	
পরামর্শঃবৈদ্যুতিক রক্ষণাবেক্ষণ কাজের জন্য সূচী প্রণয়ন করুন (প্রিভেনটিভ, প্রো একটিভ ও ব্রেকডাউন মেইনটেন্যান্স)।	
অগ্রাধিকারঃ পি৩	
ত্রুটি পূরণের সময়সীমাঃ১ মাস।	

অনুসন্ধান নং :	ই-৬
বিভাগঃ	সাবস্টেশন রুম
অনুসন্ধানঃচেঞ্জ ওভার সুইচের সংযোগে বিয়ারিং গ্রিজ ব্যবহৃত হয়েছে।	
পরামর্শঃচেইঞ্জ ওভার সুইচের সংযোগে লুব্রিকেশনের জন্য বিয়ারিং গ্রিজের পরিবর্তে সংযোগ গ্রিজের পাতলা স্তর ব্যবহার করা যেতে পারে।	
অগ্রাধিকারঃ পি১	
ত্রুটি পূরণের সময়সীমাঃ১ মাস।	

অনুসন্ধান নং :	ই-৭
বিভাগঃ	ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল
অনুসন্ধানঃ ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেলের উপর ও নীচ উন্মুক্ত।	
পরামর্শঃ ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেলএর উপর নীচ সিল করতে হবে যাতে কোন ধূলাবালি প্রবেশ না করতে পারে; কিন্তু ভেন্টিলেশন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে গ্ল্যান্ড ব্যবহার করতে হবে।	
অগ্রাধিকারঃ পি২	
ত্রুটি পূরণের সময়সীমাঃ১ মাস।	

অনুসন্ধান নং :	ই-৮
বিভাগঃ	তার ও তারের সাপোর্ট
অনুসন্ধানঃ সাপোর্ট ছাড়াই পাওয়ার ক্যাবল ঝুলে আছে।	
পরামর্শঃপাওয়ার ক্যাবলে টান রোধ করার জন্য ক্যাবল ট্রে/ল্যাডার ব্যবহার করে সাপোর্ট দিন। ক্যাবল বাইরে থাকলে অবশ্যই ঢেকে দিতে হবে।	
অগ্রাধিকারঃ পি২	
ত্রুটি পূরণের সময়সীমাঃ মাস	

অনুসন্ধান নংঃ	ই-৯
বিভাগঃ	ওয়্যারিং ব্যবস্থা
অনুসন্ধানঃ বৈদ্যুতিক পাওয়ার ক্যাবল ও সার্কিট ব্রেকার সনাক্ত করা যায়নি।	
পরামর্শঃ ক্যাবল মার্কার, ট্যাগ, কালারড হিট শ্রিঙ্ক ইত্যাদি ব্যবহার করে প্রধান পাওয়ার ক্যাবল গুলো এসএলডি অনুযায়ী সনাক্ত করণ চিহ্ন দিতে হবে।	
অগ্রাধিকারঃ পি২	
ত্রুটি পূরণের সময়সীমাঃ ০ সপ্তাহ	

অনুসন্ধান নংঃ	ই-১০
বিভাগঃ	ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল
অনুসন্ধানঃ এমসিসিবি টার্মিনাল/বাসবারে একাধিক ক্যাবল টার্মিনেট করা হয়েছে।	
পরামর্শঃ ক্যাবল লাগ ব্যবহার করে সিঙ্গেল টার্মিনালে প্রতিটি ক্যাবল টার্মিনেট করতে হবে।	
অগ্রাধিকারঃ পি২	
ত্রুটি পূরণের সময়সীমাঃ মাস	

অনুসন্ধান নংঃ	ই-১১
বিভাগঃ	ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল
অনুসন্ধানঃ সার্কিট ব্রেকার বা কোন সুরক্ষা ছাড়াই বাস বার থেকে তার টানা হয়েছে।	
পরামর্শঃ ডিস্ট্রিবিউশন বোর্ড এর জন্য মূল সার্কিট ব্রেকার সহ সকল বহির্গামী তারের আলাদা সার্কিট ব্রেকার থাকতে হবে।	
অগ্রাধিকারঃ পি২	
ত্রুটি পূরণের সময়সীমাঃ ২ মাস।	



অনুসন্ধান নং :	ই-১২
বিভাগঃ	ডিস্ট্রিবিউশন বোর্ড/প্যানেল
অনুসন্ধানঃসংযোগ লোড অনুযায়ী এমসিসিবি গুলো এডজাস্ট করা নেই।	
পরামর্শঃসংযোগ লোড অনুযায়ী এমসিসিবি গুলো এডজাস্ট করুন। টার্মিনালে বিভিন্ন মাপের ক্যাবল ব্যহার করা থেকে বিরত থাকুন।	
অগ্রাধিকারঃ পি২	
ত্রুটি পূরণের সময়সীমাঃ মাস	

অনুসন্ধান নং :	ই-১৩
বিভাগঃ	আর্থিং ব্যবস্থা
অনুসন্ধানঃপ্যানেলের দরজায় কোন আর্থ সংযোগ নেই।	
পরামর্শঃ৪এম আর্থ ক্যাবলের সাহায্যে সকল ধাতব প্যানেল দরজায় আর্থ সংযোগ দিতে হবে।	
অগ্রাধিকারঃ পি১	
ত্রুটি পূরণের সময়সীমাঃ মাস।	

অনুসন্ধান নং :	ই-১৪
বিভাগঃ	আর্থিং ব্যবস্থা
অনুসন্ধানঃআর্থ লিড ক্যাবল/ আর্থ কন্টিনুইটি কন্ডাক্টর সাইজ অপর্যাপ্ত।	
পরামর্শঃ এলটি প্যানেল/এমডিবি/ ডিবি এর আর্থ লিড ক্যাবল সাইজ পরিবর্তন করুন। (এজন্য বিএনবিসি ২০০৬, পার্ট ৮, অধ্যায় ২, ভাগ ২.৮ অনুসরণ করুন)। সাধারণত ইসিসি সংশ্লিষ্ট ফেইজ ক্যাবলের অর্ধেক হতে হবে।	
অগ্রাধিকারঃ পি২	
ত্রুটি পূরণের সময়সীমাঃ১ মাস।	



অনুসন্ধান নং :	ই-১৫
বিভাগঃ	ওয়্যারিং ব্যবস্থা
অনুসন্ধানঃইলেকট্রিক্যাল বাস বার বা এমসিসিবিতে ক্যাবল লাগ ছাড়াই ক্যাবল টার্মিনেট করা হয়েছে।	
পরামর্শঃসঠিক মাপের ক্যাবল লাগ ব্যবহার করে ক্যাবল টার্মিনেট করতে হবে ।	
অগ্রাধিকারঃ পি২	
ত্রুটি পূরণের সময়সীমাঃ মাস	

অনুসন্ধান নং :	ই-১৬
বিভাগঃ	আর্থিং ব্যবস্থা
অনুসন্ধানঃ এক্সহস্ট ফ্যান বডি ও ব্লেডের বহিরাবরণে কোন আর্থ সংযোগ নেই।	
পরামর্শঃ এক্সহস্ট ফ্যান ফ্রেম এবং প্রোডাকশন এরিয়াতে এর বহিরাবরনে আর্থ সংযোগ থাকতে হবে।	
অগ্রাধিকারঃ পি২	
ত্রুটি পূরণের সময়সীমাঃ২ মাস।	

অনুসন্ধান নং :	ই-১৭
বিভাগঃ	ওয়্যারিং ব্যবস্থা
অনুসন্ধানঃ বিবিটির এন্ড ক্যাপ নেই।	
পরামর্শঃ বিবিটির লাইভ টার্মিনাল ঢাকার জন্য এন্ড ক্যাপ লাগাতে হবে।	
অগ্রাধিকারঃ পি২	
ত্রুটি পূরণের সময়সীমাঃ১ মাস।	

অনুসন্ধান নং :	ই-১৮	
বিভাগঃ	ক্যাবল রেসওয়ে ও ট্রেঞ্চ	
অনুসন্ধানঃ দেয়াল/মেঝের মধ্য দিয়ে যাওয়া তার প্রবেশ ও বের হওয়ার মুখে সুরক্ষিত নয়।		
পরামর্শঃ দেয়াল/মেঝের মধ্য দিয়ে যাওয়া তার প্রবেশ ও বের হওয়ার মুখে সুরক্ষিত করতে হবে। কোন ফাঁকা জায়গা ও ছিদ্র অগ্নি সহনশীল দ্রব্য দিয়ে সিল করতে হবে।		
অগ্রাধিকারঃ পি২		
ত্রুটি পূরণের সময়সীমাঃ২ মাস		

অনুসন্ধান নং :	ই-১৯	
বিভাগঃ	তার ও তারের সাপোর্ট	
অনুসন্ধানঃ অতিরিক্ত তার কুন্ডলী পাকিয়ে সাপোর্ট ছাড়াই প্যানেলের পিছনে রাখা হয়েছে।		
পরামর্শঃ অরক্ষিত সাপোর্ট বিহীন পাওয়ার ক্যাবল ক্যাবল ট্রে/ল্যাডার দিয়ে সুরক্ষিত করতে হবে ও সাপোর্ট দিতে হবে। এইচটি ক্যাবল হলে কেটে ফেলার চেয়ে পুনরায় সজ্জিত করা ভাল।		
অগ্রাধিকারঃ পি৩		
ত্রুটি পূরণের সময়সীমাঃ৩ মাস।		

অনুসন্ধান নং :	ই-২০	
বিভাগঃ	ওয়্যারিং ব্যবস্থা	
অনুসন্ধানঃ আনটার্মিনেটেড সক্রিয় তার ক্যাবল ট্রে / বৈদ্যুতিক প্যানেলে রাখা হয়েছে।		
পরামর্শঃ সকল আনটার্মিনেটেড তার যথাসম্ভব তাড়াতাড়ি সরিয়ে ফেলতে হবে।		
অগ্রাধিকারঃ পি২		
ত্রুটি পূরণের সময়সীমাঃ২ মাস।		